



70318 - ইন্সুরেন্স কোম্পানি থেকে তারা কি তাদের মৃতব্যক্তির মৃত্যুজনিত ক্ষতিপূরণ গ্রহণ করবে?

প্রশ্ন

আমাদের দেশে সরকার আমাদেরকে গাড়ীর ইন্সুরেন্স করতে বাধ্য করে। গাড়ীর মালিকি এর থেকে কোন সুবিধা ভোগ করে না। এ গাড়ীটা যদি কাউকে ধাক্কা দেয়, যার ফলে সে ব্যক্তি আহত হয় কিংবা নিহত হয় তখন মৃতব্যক্তির পরিবার ইন্সুরেন্স কোম্পানীর বিরুদ্ধে মামলা দায়ের করে। এর পরিপ্রেক্ষিতে আহত বা নিহতের পরিবার ক্ষতিপূরণ পায়। এই ক্ষতিপূরণ প্রদানের দ্বারা গাড়ীর মালিকি কোন সুবিধা বা অসুবিধা হয় না। এর হুকুম কী? উল্লেখ্য, মৃতের পরিবার গাড়ীর মালিকিকে ক্ষমা করে দেয় এবং আমাদের দেশে মানবরচতি আইন দিয়ে শাসিত।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

এক:

ট্রাডে ইন্সুরেন্স হারাম চুক্তির অন্তর্ভুক্ত। এই ইন্সুরেন্সের যত পদ্ধতি আছে সবগুলো হারাম। কারণে জন্য এমন ইন্সুরেন্স করা নাজায়যে; যদি না কটে একান্ত নিরুপায় না হয়; যমেন জবরদস্তরি শিকার হলো। ইতিপূর্বে 8889 নং প্রশ্নোত্তরে এর বিধান উল্লেখ করা হয়েছে। সখোনে দেখুন।

দুই:

ইন্সুরেন্স করা হারাম হওয়ার অর্থ এ নয় যে, ইন্সুরেন্স কোম্পানী থেকে তার প্রাপ্য অধিকার গ্রহণ করা হারাম হবে; যদি ইন্সুরেন্স কোম্পানী যে ব্যক্তি এক্সডিভেন্ট করছে তার পক্ষ থেকে ক্ষতিপূরণ পরিশোধ করার দায়িত্ব নিয়ে থাকে।

অতএব, রোড এক্সডিভেন্টের ফলে অনচ্ছাকৃত হত্যার শিকার ব্যক্তির মৃত্যুজনিত ক্ষতিপূরণ (দায়িত্ব) কিংবা আহত ব্যক্তির ক্ষতিপূরণ গ্রহণ করতে কোন আপত্তি নাই; এটি গ্রহণ করার জন্য হকদারদেরকে ঘাতকরে পক্ষ থেকে কিংবা কোর্টের পক্ষ থেকে যে পক্ষের কাছই প্রেরণ করা হোক না কেন; সটো ইন্সুরেন্স কোম্পানী হোক কিংবা অন্য কোন পক্ষ হোক। কোননা দায়িত্বের দাবীদারগণ ন্যায্য অধিকারের দাবীদার। ইন্সুরেন্স কোম্পানীর সাথে অপর পক্ষের লেনদেনে হালাল কনি সেই দায়িত্ব তাদের নয়।

আমরা শাইখ বনি জবিরীনকে ইন্সুরেন্স কোম্পানী থেকে ক্ষতিপূরণ গ্রহণ করা সম্পর্কে জিজ্ঞাসে করলে জবাবে তিনি



বলনে: "সটে জায়যে। কনেনা এই কোম্পানীগলো ইন্সুরেন্সকারী ব্যক্তির পক্ষ থেকে যে ভুল ঘটবে সটোর দায়িত্ব গ্রহণ করছে। যহেতে তারা ক্ষতপূরণ পরিশোধ করার জন্য দায়বদ্ধ সুতরাং ক্ষতপূরণ গ্রহণ না করা তাকওয়ার দাবী নয়। যদি দুর্ঘটনার ফলে কারো মৃত্যু ঘটে তাহলে এক্সডিনেন্টকারীর উপর ভুলক্রমে হত্যার কাফফারা ছাড়া আর কিছু বর্তাবে না; যদি এক্সডিনেন্ট ভুলক্রমে হয়ে থাকে।"

আল্লাহই সর্বজ্ঞ।